

উত্তরায় সংঘর্ষে মানারাত বিশ্ববিদ্যালয়ের ছাত্র নিহত

অনলাইন ডেক্স

প্রকাশিত: ১৯:৪৫, ১৮ জুনাই ২০২৪



নিহত পারভেজ শাকিল

রাজধানীর উত্তরায় কোটা সংস্কারের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে পুলিশের সংঘর্ষে পারভেজ শাকিল নামের মানারাত বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থী নিহত হয়েছেন। তিনি বিশ্ববিদ্যালয়ের ব্যাচেলর অফ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (বিবিএ) বিভাগের ১৭তম ব্যাচের তৃতীয় বর্ষের শিক্ষার্থী।

বৃহস্পতিবার (১৯ জুনাই) বিকেল ৫টায় গুলিবিদ্ধ হয়ে তার মৃত্যু হয়। বিষয়টি নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের বিবিএ ডিপার্টমেন্টের প্রধান মাহবুবুল আলম। নিহতের মরদেহ বর্তমানে বিশ্ববিদ্যালয়ের আশুলিয়া ক্যাম্পাসে নিয়ে আসা হয়েছে।

সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে সারাদেশে ‘কমপ্লিট শাটডাউন’ কর্মসূচি পালন হচ্ছে আজ। কর্মসূচি পালনে উত্তরায় জড়ো হয় বেশ কয়েকটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা।

প্রত্যক্ষদর্শীরা জানান, সংঘর্ষের একপর্যায়ে পুলিশের কাছে গেলে শাকিলের পেটে গুলি লাগে। গুরুতর আহত অবস্থায় তাকে উদ্ধার করে বাংলাদেশ মেডিকেলে নেওয়া হয়। সেখানে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

নিহত শাকিল পারভেজের বাড়ি লক্ষ্মীপুরের লাকাস্মিপুর উপজেলার খাপিলাটুলি গ্রামে। তিনি মো. বেলায়েত হোসাইন ও পারভীন বেগম দম্পতির ছেলে।